



# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন,  
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা,  
ঢাকা-১০০০।  
ক্রেডিট বিভাগ-১

ফোন : ৯৫৫০৪০৩  
পিএবিএক্স : ৯৫৬০০২১-২২  
৯৫৬০০২৪-২৫  
৯৫৬০০৩১-৩৫  
ফ্যাক্স : ৮৮-০২-৯৫৬১২১১

প্রকা/ক্রেঃবিঃ-১/২৮(৪৬)/২০১৯-২০/৩৮(১২০০)

তারিখঃ ১৪/০৭/২০১৯

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।  
উপ-মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা/কর্পোরেট শাখাসমূহ।  
সকল শাখা ব্যবস্থাপক,  
(মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপকের মধ্যমে)  
বাংলাদেশ কৃষি ব্যাংক।


**বিষয়ঃ সোবহান ট্রেডিং কোম্পানি লিঃ কর্তৃক বাংলাদেশ কৃষি ব্যাংকের ঋণে এসিই মডেলের ট্রাক্টর সরবরাহের জন্য তালিকাভুক্ত চুক্তিপত্র বাতিল করে জমাকৃত নিরাপত্তা জামানতের টাকা ফেরৎ প্রদানের আবেদন প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,  
শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বাংলাদেশ কৃষি ব্যাংকের ঋণে ট্রাক্টর আমদানীকারক/সরবরাহকারী হিসাবে তালিকাভুক্ত প্রতিষ্ঠান সোবহান ট্রেডিং কোম্পানি লিঃ গত ২৪/০১/২০১৯ তারিখ হতে ট্রাক্টর সরবরাহকারী হিসেবে অত্র ব্যাংকের সহিত তালিকাভুক্ত হয়; যার মেয়াদ আগামী ২৩/০১/২০২০ তারিখ পর্যন্ত বলবৎ আছে। অত্র বিভাগের সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেঃবিঃ-১/২৮(৪৬)/২০১৮-১৯/৫১৭(১১০০) তারিখ ১৮/০২/২০১৯ মূলে ০৩(তিন)টি মডেলের ১০(দশ)টি “এসিই ট্রাক্টর” এর মূল্য নির্ধারণ করা হয়। সোবহান ট্রেডিং কোম্পানি লিঃ কর্তৃক তাদের আবেদনে উল্লেখ করেছেন যে, মূল্য নির্ধারণ করার পর অদ্যাবধি একটি ট্রাক্টরও কৃষি ব্যাংকের ঋণে বিক্রয় করতে পারেনি। চুক্তিপত্রের ১০(ক) শর্তানুযায়ী ব্যাংক ঋণের বিপরীতে সর্বশেষ সরবরাহকৃত ট্রাক্টর ০১(এক) বছর ০৬(ছয়) মাস পর্যন্ত নির্বিঘ্নে চলার নিশ্চয়তা দিতে হবে। চুক্তি বাতিল করে জামানতের টাকা ফেরত প্রদান করা হলে পরবর্তীতে ব্যাংক বা ঋণ গ্রহিতা যাতে ক্ষতিগ্রস্ত না হয় সে জন্য সোবহান ট্রেডিং কোম্পানি লিঃ কর্তৃক মাঠ পর্যায়ে কোন শাখায় “এসিই ট্রাক্টর” সরবরাহ করা হয়েছি কিনা - তথ্য জানা প্রয়োজন।

০৩। এমতাবস্থায়, সোবহান ট্রেডিং কোম্পানি লিঃ কর্তৃক বাংলাদেশ কৃষি ব্যাংকের ঋণে কোন ট্রাক্টর সরবরাহ করা হয়েছে কিনা তা লিখিত পত্রের মাধ্যমে আগামী ২৭/০৭/২০১৯ তারিখের মধ্যে অত্র বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। ২৭/০৭/২০১৯ তারিখের মধ্যে কোন জবাব/তথ্য প্রেরণ না করা হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক বাংলাদেশ কৃষি ব্যাংকের ঋণে এসিই মডেলের কোন ট্রাক্টর সরবরাহ করা হয়নি মর্মে বিবেচনা করা হবে। নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ না করার ফলে ব্যাংক যদি আর্থিক ক্ষতির সম্মুখীন হয় তবে তার দায়দায়িত্ব সংশ্লিষ্টের উপর বর্তাবে। উল্লেখ্য অত্র পত্র জারীর তারিখ হতে বাংলাদেশ কৃষি ব্যাংকের মাধ্যমে সোবহান ট্রেডিং কোম্পানি লিঃ এর এসিই মডেলের ট্রাক্টর সরবরাহ চুক্তি বাতিল করা হলো।


অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত  
  
(মোহাম্মদ মঈনুল ইসলাম)  
সহকারী মহাব্যবস্থাপক  
(বিভাগীয় দায়িত্বে)  
ফোনঃ ৯৫৫০৪০৩  
তারিখঃ ১৪/০৭/২০১৯

প্রকা/ক্রেঃবিঃ-১/২৮(৪৬)/২০১৯-২০/৩৮(১২০০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়।
- ৩। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ৪। উপ মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা (উক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ৬। কোম্পানি সচিব, সোবহান ট্রেডিং কোম্পানি লিঃ, বাড়ী নং-৫৯, রোড নং-১৩ ও ১৫, ব্লক-ডি, বনানী, ঢাকা-১২১৩।
- ৭। নথি / মহানথি।

  
(আজিজুল হক)  
মুখ্য কর্মকর্তা